

মদ এর ধ্বংসনীলা

❁ মদ অপবিত্র এবং (তা পান করা) শয়তানী কাজ। মদ থেকে বেঁচে থাকা শান্তি ও সফলতার নিদর্শন। (সূরা- আল মায়দা, আয়াত- ৯০ থেকে সংকলিত) ❁ মদ পরস্পর বিদ্বেষ ও শত্রুতা সৃষ্টি করে এবং আল্লাহ তা'আলার স্মরণ থেকে বাধা প্রদান করে। (সূরা- আল মায়দা: ৯১ থেকে সংকলিত) ❁ **৫টি হাদীস শরীফ:** (১) “প্রত্যেক নেশা আনয়নকারী বস্তু মদের অন্তর্ভুক্ত আর সব ধরণের মদ হারাম।” (মুসলিম, ১১০৯ পৃষ্ঠা, হাদীস- ২০০৩) (২) “আল্লাহ তা'আলা মদের উপর, সেটির উৎপাদনকারী এবং যাদের জন্য উৎপাদন করা হয়, তাদের উপর পানকারী এবং যারা পান করায় তাদের উপর, (মদ) আনয়নকারী এবং যাদের জন্য আনা হয়, তাদের উপর, ক্রেতা ও বিক্রেতার উপর এবং মদের মাধ্যমে উপার্জনের টাকা ভোগকারী সকল ব্যক্তিদের উপর অভিশাপ দিয়েছেন।” (আল মুত্তাদরাক, ১৯৯/৫, হাদীস- ৭৩১০) (৩) “মদকে দেওয়ালে ছুড়ে মারো, কেননা সেটি ঐ ব্যক্তির পানিয় যে আল্লাহ তা'আলা এবং শেষ দিবসের উপর ঈমান রাখে না।” (হিলইয়াতুল আউলিয়া, ১৫৯/৬, হাদীস- ৮১৪৮) (৪) “মদ পানকারী যখন মদ পান করে, তবে ঐ সময় সে মুমীন থাকে না।” (মুসলিম, ৪৮ পৃষ্ঠা, হাদীস- ৫৭) (৫) “মদ (পান করা) সবচেয়ে বড় গুনাহ এবং সকল অপকর্মের উৎস/ মূল, মদ পানকারী নামায ছেড়ে দেয় এবং (অনেক সময়) নিজের মা, খালা ও ফুফুীদের সাথে পর্যন্ত ব্যভিচারে লিপ্ত হয়ে যায়।” (মাজমাউয যাওয়াদেদ, ১০৪/৫, হাদীস- ৮১৭৪ এর সারমর্ম) **মদের ২১টি ক্ষতি সমূহ:** মদের কারণে মানুষের চরিত্র তো নষ্ট হয়ে থাকে, এর সাথে সাথে সমাজের উপরও এর বিরূপ প্রভাব পড়ে। ❁ মদের কারণে অপরাধের মাত্রা সীমাহীন বৃদ্ধি পায়। ❁ মদ্যপায়ীর (কাছে) আপন পর ভেদাভেদ থাকে না। ❁ মদ্যপায়ী মা-বাবার, সন্তানদের উপর বিরূপ প্রতিক্রিয়া পড়ে থাকে। ❁ মদ মানুষের বিবেকে বিশৃংখলা সৃষ্টি করে। ❁ মদ সম্পদকে নষ্ট ও ধ্বংস করে এবং দরিদ্রতার কারণ হয়। ❁ মদ খাবারের স্বাদ এবং সঠিক কথাবার্তা থেকে বঞ্চিত করে দেয়। ❁ মদ সকল অপকর্মের চাবি এবং মদ্যপায়ীকে অসংখ্য গুনাহে লিপ্ত করে দেয়। ❁ ঐটা মদ্যপায়ীকে ব্যভিচারীদের আসরে নিয়ে যায় এবং নিজের দুর্গন্ধ দ্বারা তার (আমলনামা) লিখক ফেরেশতাদের কষ্ট দেয়। ❁ (মদ) মদ্যপায়ীর জন্য আসমানের দরজা বন্ধ করে দেয়। ৪০ দিন পর্যন্ত তার কোন আমল ও দো'আ উপরে পৌঁছে না। ❁ সেটি (মদ) মদ্যপায়ীর প্রাণ ও ঈমানকে বিপদে ফেলে দেয়। এজন্য মৃত্যুর সময় ঈমান ছিনিয়ে নেওয়ার আশংকা থাকে। ❁ শুরুতে মানুষের শরীর মদের ক্ষতি সমূহ সহ্য করে নেয় এবং মদ্যপায়ীর উৎফুল্ল অবস্থা লাভ হয়, কিন্তু খুব তাড়াতাড়ি অভ্যন্তরীণ সহ্য ক্ষমতা নষ্ট হয়ে যায় এবং স্থায়ী ক্ষতিকর প্রভাব সমূহ প্রকাশ পেতে থাকে। যেমন ❁ মদের প্রভাব সবচেয়ে বেশি কলিজাতে পড়ে, আর সেটি সংকুচিত হতে থাকে ❁ হৃদপিণ্ডের (গুর্দার) উপর অতিরিক্ত বোঝা সৃষ্টি হয় ফলে তা দুর্বল হয়ে অকেজো হয়ে যায় ❁ অতিরিক্ত মদ পান মস্তিষ্কে বিকৃত করে ফেলে ❁ রগ সমূহে জ্বালাতন সৃষ্টি হয় ফলে রগ সমূহ দুর্বল এবং পরে নষ্ট হয়ে যায় ❁ পাকস্থলীতে স্ফীত হয়ে যায় ❁ হাড়ি সমূহ নরম এবং খুবই দুর্বল হয়ে যায় ❁ মদ শরীরে বিদ্যমান ভিটামিনের স্তপকে ধ্বংস করে দেয়, মদ বিশেষ করে ভিটামিন B ও C কে ধ্বংস করে থাকে ❁ মদের সাথে যদি তামাকও পান করা হয়, তবে সেটার ক্ষতি সমূহ আরো অনেক গুন বেড়ে যায় এবং হাই ব্লাড প্রেসার, স্টোক এবং হার্ট এটাকের চরম সম্ভাবনা থাকে ❁ অতিরিক্ত মদ্য পান ক্লান্তি, মাথা ব্যথা, বমি বমি ভাব এবং চরম পিপাসায় লিপ্ত করে দেয়। ❁ অনেক সময় মদ্যপায়ীর হৃদয়ের কম্পন এবং শ্বাস গ্রহণের কার্যকারিতা বন্ধ হয়ে যায়, যাতে হঠাৎ মৃত্যু হতে পারে। **মদ্যপায়ীর দুনিয়াবী শান্তি:** মদ পান করা মদ্যপায়ীর উপর ৮০টি বেত্রাঘাত ওয়াজিব করে দেয়, সুতরাং যদি সে দুনিয়াতে এই শান্তি থেকে বেঁচেও যায় তবে পরকালে সকল সৃষ্টির সামনে তাকে বেত্রাঘাত করা হবে। **মদ্যপায়ীর কবরে শান্তি:** কবরে মদ্যপায়ীর চেহারা কিবলার দিক থেকে ফিরে যায়। (আল কাবায়ির, শরবুল খামর, ৯৬ পৃষ্ঠা) তার উপর দুটি সাপ নিযুক্ত করা হয় যেগুলো তার মাংস ছোবল মেরে মেরে খেতে থাকে। (শরহুস সুদুর, ১৭২ পৃষ্ঠা) **মদ্যপায়ীর পরকালীন শান্তি:** ❁ মদ্যপায়ী কিয়ামতের দিন ঐ অবস্থায় আসবে যে, তার চেহারা কালো হয়ে যাবে। জিহ্বা বুকুর উপর ঝুলতে থাকবে। মুখ থেকে লালা বের হতে থাকবে এবং প্রত্যেক দর্শকেরা তাকে ঘৃণা করতে থাকবে। (আল কামিল ফি দুআফায়ির রিজাল, ৫০২/২) ❁ আগুনের শুলীর উপর ঝুলানো হবে। পিপাসা লাগা অবস্থায় কখনো দুর্গন্ধময় ঘাম আর কখনো ফুটন্ত পানি পান করানো হবে, খাওয়ার জন্য কাটা যুক্ত বৃক্ষ দেয়া হবে। আগুনের জুতা পরিধানের কারণে মগজ সিদ্ধ হতে থাকবে এমনকি নাক ও কানের রাস্তা দিয়ে বের হয়ে যাবে। ❁ মদ্যপায়ী জাহান্নামে ফিরআউন ও হামানের প্রতিবেশী হবে। (নেকীযো কি জাযাযে আওর গুনাহো কি সাজায়ে, ২২ পৃষ্ঠা থেকে ৩১ পৃষ্ঠা পর্যন্ত থেকে সংকলিত)

মদ এবং অন্যান্য গুনাহ সমূহ থেকে বাঁচার এবং সুন্নাতে ভরা জীবন যাপনের জন্য দা'ওয়াতে ইসলামীর মাদানী পরিবেশে সম্পৃক্ত হয়ে যান।